গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
প্রশাসন ( অর্থ ও আইটি ) শাখা।
www.bmet.gov.bd

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯. ৩০৮৯ তারিখ : ০৩/০৯/২০১৯ খ্রিঃ।

বিষয়: জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইনোভেশন কমিটির আগষ্ট/২০১৯ মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : শেখ রফিকুল ইসলাম পিএএ, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) ও যুগ্মসচিব, বিএমইটি, ঢাকা।
তারিখ : ২৮/০৮/২০১৯ খ্রিঃ।
সময় : বিকাল: ০৩:০০ ঘটিকা।
স্থান : অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) এর অফিস কক্ষ।
সভার উপস্থিতি : পরিশিষ্ট- 'ক'।

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ইনোভেশন কমিটির আগষ্ট/২০১৯ মাসের সভা বিগত ২৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। সভার সভাপতি ও অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) বিএমইটি'র ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় চলতি বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর বাস্তবায়নের নিমিত্ত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অধীনস্থ দপ্তরসমূহ হতে উদ্ভাবনী আইডিয়া/ আইডিয়াসমূহ আহবান। | উপপরিচালক (অর্থ ও আইটি) জানান যে, আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে বিএমইটি'র অধীনস্থ দপ্তরসমূহকে উদ্ভাবনী আইডিয়া/আইডিয়াসমূহ প্রেরণের জন্য ২৮.০৮.২০১৯ তারিখে ই-মেইল যোগে পত্র প্রেরণ করা হয়েছে। নির্বাচিত উদ্ভাবনী আইডিয়া/আইডিয়াসমূহ বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিএমইটি'র অধীন সকল দপ্তর পত্র পেয়েছে কিনা তা নিশ্চিত হওয়ার জন্য মোবাইলে গ্রুপ মেসেজ প্রেরণসহ প্রয়োজনে টেলিফোনে নিশ্চিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া প্রাপ্ত আইডিয়া/ আইডিয়াসমূহ নিয়ে আগামী ০১(এক) মাসের মধ্যে পুনরায় সভা আহবান করে নির্বাচিত আইডিয়া/আইডিয়াসমূহ বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন) |
| ২. | বিএমইটি ইনফো'র (হেল্প ডেস্ক)/ কল সেন্টার স্থাপন ও পরিচালনা সংক্রান্ত। | বিএমইটি'র নিজস্ব হটলাইন স্থাপনের মাধ্যমে বিএমইটি হতে প্রদেয় সেবা (বিভিন্ন প্রশিক্ষণ, স্মার্টকার্ড, ফিঙ্গারপ্রিন্ট, ভিসা যাচাই ও বৈধ রিক্রুটিং এজেন্সি ও অনুবাদ সংস্থার তথ্য ও বিদেশ গমনেচ্ছু ও প্রত্যাগতদের অভিযোগ গ্রহণ | বিএমইটি'র নিজস্ব হটলাইন স্থাপনের মাধ্যমে সেবা গ্রহীতাদের টেলিফোন ও মেসেজ প্রেরণের জন্য বিএমইটি ইনফো'র (হেল্প ডেস্ক)/ কল সেন্টার স্থাপন ও পরিচালনার বিষয়টি বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ও নিষ্পত্তি ) তথ্য সহজীকরণে সেবা গ্রহীতাদের টেলিফোন ও মেসেজ প্রেরণের মাধ্যম সেবা প্রদান করা হলে প্রতারণা ও হয়রানিমুক্ত এবং মধ্যস্বত্বভোগীদের দৌরাত্ম হ্রাস পাবে। ফলে সেবাগ্রহীতাদের সময়, অর্থ ও ভিজিট হ্রাস পাবে। এ লক্ষ্যে সভায় বিএমইটিতে কলসেন্টার স্থাপনের গুরুত্ব বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৩. | ১। ডিজিটাল রিক্রুটিং এজেন্সি ম্যানেজমেন্ট /ইনফরমেশন সিস্টেম;<br>২। অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম। | উপপরিচালক (অর্থ ও আইটি) জানান যে, ডিজিটাল রোডম্যাপ ২০২১ এর আওতায় মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ইনোভেশন ওয়ার্কশপে গৃহীত ৪টি উদ্ভাবনী ধারণার মধ্যে বার্ড, কুমিল্লায় অনুষ্ঠিত ওয়ার্কশপে এ দু'টি আইডিয়া বাস্তবায়নে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছরে বিএমইটি'র ইনোভেশন খাতে ১৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত ২টি আইডিয়াকে বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার বিষয়ে আলোচনা হয়। | * ডিজিটাল রিক্রুটিং এজেন্সি ম্যানেজমেন্ট/ ইনফরমেশন সিস্টেম বাস্তবায়নের জন্য কর্মসংস্থান শাখার সহকারী পরিচালক পর্যায়ে একজন-কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়নের জন্য প্রশিক্ষণ শাখার সহকারী পরিচালক পর্যায়ে একজন-কে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>* উক্ত ২টি আইডিয়া উপপরিচালক (অর্থ ও আইটি) সার্বিক তত্ত্বাবধান করবেন ও আইডিয়া ২টি বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। পরিচালক (কর্মসংস্থান)<br>৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>৪। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)। |
| ৪. | ১। স্টেপ/লিডস্ কর্তৃক ডেভেলপকৃত অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণ; | * লিডস কর্তৃক ডেভেলপকৃত ট্রেনিং মডিউল ব্যবহার করে অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণে স্টেপ/লিডস এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রোগ্রামারদের সাথে আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে আলোচনা করে প্রাপ্ত সুপারিশ মোতাবেক পরবর্তী করণীয় নির্ধারণের | লিডস কর্তৃক ডেভেলপকৃত ট্রেনিং মডিউল ব্যবহার করে অনলাইন ট্রেনিং সার্টিফিকেট চালুকরণে স্টেপ/লিডস এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রোগ্রামারদের সাথে আগামী ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে আলোচনা করে প্রাপ্ত সুপারিশ মোতাবেক | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিষয়ে সভায় আলোচনা হয়। | অনলাইন ট্রেনিং সার্টিফিকেট কার্যক্রম বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | ২। বিএমইটি'র কর্মচারীদের বেতন-ভাতাদি ইএফটি'র মাধ্যমে প্রদান; | * বিএমইটি'র কর্মকর্তাদের বেতন-ভাতাদি এজিবি কর্তৃক ইএফটি সিস্টেমে পেমেন্ট পদ্ধতি চালু করা থাকলেও কর্মচারীদের মাসিক বেতন-ভাতাদি এজিবি কর্তৃক ইএফটি সিস্টেমে পেমেন্ট পদ্ধতি চালু করা হয়নি বলে উপপরিচালক (অর্থ ও আইটি) সভায় জানান। সে প্রেক্ষিতে ১ সেপ্টেম্বর ২০১৯ হতে বিএমইটি'র কর্মচারীদের বেতন-ভাতাদি ইএফটি'র মাধ্যমে পেমেন্ট করার জন্য উত্তরা ব্যাংক লিঃ, হোটেল ঈশাখা ইন্টাঃ শাখা, কাকরাইল এর মাধ্যমে চালু করা হলে বিএমইটি'র একাউন্ট শাখা ও কর্মচারীবৃন্দ উভয়ের অর্থ বহনে ঝুঁকি হ্রাস পাবে অভ্যন্তরীণ সেবা প্রদান আরও সহজ হবে মর্মে সভায় আলোচনা হয়। | *বিএমইটি'র কর্মচারীদের মাসিক বেতন-ভাতাদি ১ সেপ্টেম্বর ২০১৯ হতে ইএফটি সিস্টেমে পেমেন্ট জন্য উত্তরা ব্যাংক লিঃ, হোটেল ঈশাখা ইন্টাঃ শাখা, কাকরাইল এর মাধ্যমে চালু করা হলে বিএমইটি'র ও কর্মচারী উভয়ের অর্থ বহণে নিরাপত্তা ঝুকি হ্রাস পাবে এবং অভ্যন্তরীণ সেবা প্রদান আরও সহজ হবে মর্মে বিষয়টি বার্ষিক ইনোভেশন তালিকাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)। |
| | ৩। ফিল্ড ফোর্স লোকেটর চালুকরণ। | * অপারেটিং মোবাইল কোম্পানী বাংলালিংক কর্তৃক প্রস্তাবিত মোবাইল সিম ব্যবহার করে ফিল্ড ফোর্স লোকেটর চালুকরণের মাধ্যমে বিএমইটি ও এর অধীনস্থ দপ্তরের কার্যক্রম নিবিড় মনিটরিং বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | * ফিল্ড ফোর্স লোকেটর চালুকরণের মাধ্যমে বিএমইটি ও এর অধীনস্থ দপ্তরের কার্যক্রম নিবিড় মনিটরিং এর বিষয়টি ইনোভেশন তালিকাভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। উপপরিচালক (আইটি ও ইনোভেশন)। |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

( শেখ রফিকুল ইসলাম পিএএ )
যুগ্মসচিব
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
ফোন : ০২-৯৩৩৭৩৭৮ অফিস)
Email-skrafiqul5656@bmet.gov.bd

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.০০২.১৪.০০২.১৯.৩০৮৯(১৮) তারিখ : ০৬/০৯/২০১৯ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চিফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।দৃষ্টি আকষর্ণ: জনাব মোহাম্মদ শাহীন, সদস্য সচিব, ইনোভেশন টিম ও উপসচিব (কর্মসংস্থান-২)
২. প্রকল্প পরিচালক, এটুআই, তথ্য ও প্রযুক্তি বিভাগ,বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ)/কর্মসংস্থান/প্রশিক্ষণ পরিচালনা/বহির্গমন/প্রশিক্ষণমান ও পরিকল্পনা, বিএমইটি, ঢাকা।
৫. জনাব শিরিন সবনম, উপসচিব, ই-গর্ভনেন্স-২ অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবায়ল, ঢাক।
৬. জনাব মোঃ মাসুদ রানা, উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
৭. জনাব জোহরা মনসুর, উপপরিচালক (প্রশাসন), বিএমইটি, ঢাকা।
৮. জনাব মোঃ রেজওয়ানুল হক চৌধুরী, উপপরিচালক (অর্থ ও আইটি), বিএমইটি, ঢাকা।
৯. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
১০. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
১১. অতিরিক্ত মহাপরিচাকের ব্যক্তিগত সহকারী বিএমইটি, ঢাকা।
১২. মাস্টার কপি/২০১৯ খ্রিঃ।

(মোঃ রেজওয়ানুল হক চৌধুরী)
উপপরিচালক (অর্থ ও আইটি)
Bmetit2018@gmail.com